# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৮৪৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَاب الْمَنْهِيّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

### আরবী

وَفِى رِوَايَةِ ابْنِ عَبَّاسٍ: «حَتَّى يكْتالَه»

### বাংলা

২৮৪৫-[১২] ইবনু ’আব্বাস (রাঃ)-এর এক বর্ণনায় রয়েছে, ’যে পর্যন্ত না ওই খাদ্য-দ্রব্য পরিমাপ করে বুঝে নেয়।’ (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ২১৩৫, মুসলিম ১৫২৫, আবূ দাঊদ ৩৪৯৬, নাসায়ী ৪৫৯৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু ‘আব্বাস (রাঃ)-এর অপর বর্ণনায় রয়েছে (حَتّٰى يَكْتَالَه), অর্থাৎ যতক্ষণ না তা পরিমাপ করে হস্তগত না করবে ততক্ষণ তা অন্যের কাছে বিক্রি করবে না। এখানে সম্পদের ওযন করা বা পরিমাপ করা ক্রয়ের সাথে নির্দিষ্ট করা হয়েছে। সুতরাং গচ্ছিত সম্পদ বিক্রি করার পূর্বে তা ওযন করা শর্ত নয় এবং ক্রয়কৃত সম্পদের সম্পদ ওযন বা পরিমাপ নির্ধারণ দ্বারা এটাই বুঝা যায় যে, কেউ যদি হিবা বা দান কিংবা অন্য কোনো উপায়ে সম্পদের মালিক হয় তবে তিনি তা পরিমাপ করার পূর্বেই বিক্রি করতে পারবে। আর যদি ক্রয়কৃত সম্পদ দান করতে চায় তবে পরিমাপ ছাড়াই তা জায়িয। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68172

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন